ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৬১০

মোহনপুর,২৯ আগস্ট,২০২৫

**মোহনপুর পঞ্চায়েত সমিতির শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত**

আজ মোহনপুর পঞ্চায়েত সমিতির হলে মোহনপুর পঞ্চায়েত সমিতির শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির এক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন শিক্ষা ও স্বাস্থ্য স্থায়ী কমিটির সভাপতি শিল্পী দেববর্মা। সভায় উপস্থিত ছিলেন মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দেব ও ভাইস চেয়ারম্যান সঞ্জীব কুমার দাস, ব্লকের বিডিও ধৃতি শেখর রায়, স্থায়ী কমিটির সকল সদস্য সদস্যাগণ, শিক্ষা, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা, তথ্য ও সংস্কৃতি, আরক্ষা, স্বাস্থ্য দপ্তরের আধিকারিকগণ। সভায় দপ্তরের আধিকারিকগণ সংশ্লিষ্ট দপ্তরের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি নিয়ে আলোচনা করেন। এছাড়াও সভায় পূর্ববর্তী সভার সিদ্ধান্তগুলি নিয়ে আলোচনা করা হয়। সভায় মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দেব দপ্তরের আধিকারিকদের দায়িত্ব নিয়ে বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচিগুলি সম্পন্ন করার আহ্বান জানান।

*****